রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, ডিসেম্বর ১৪, ২০১৫**

**বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়**

**মানব সম্পদ শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ অগ্রহায়ণ, ১৪২২/১৩ ডিসেম্বর, ২০১৫

বিষয়: **সংসদ সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৪ এর বিধি-৫ মোতাবেক বিভাগীয় বাছাই কমিটি পুনর্গঠন।**

**নং ১১.০০.০০০০.৮০৩.০৬.০০৫.১১-৮০৪**—জাতীয় সংসদ সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৪ এর বিধি-৫ এর উপ-বিধি-(২) এর (৩) মোতাবেক পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত মাননীয় স্পীকার নিম্নবর্ণিত কর্মকর্তাগণ সমন্বয়ে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের **"বিভাগীয় বাছাই কমিটি"** পুনর্গঠন করেছেন:

**১। বিভাগীয় বাছাই কমিটি:**

| | | |
|---|---|---|
| (১) | উপ-সচিব (মাস), জাতীয় সংসদ সচিবালয় | সভাপতি |
| (২) | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (মাস-১), জাতীয় সংসদ সচিবালয় | সদস্য |
| (৩) | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (মাস-২), জাতীয় সংসদ সচিবালয় | সদস্য |
| (৪) | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (মাস-৩), জাতীয় সংসদ সচিবালয় | সদস্য |
| (৫) | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (ডিসিপ্লিন এন্ড প্রিভিলেজ), জাতীয় সংসদ সচিবালয় | সদস্য |

**২। বিভাগীয় বাছাই কমিটির দায়িত্ব ও কাজ:**

(১) বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৪ এর সংশ্লিষ্ট বিধির শর্ত পূরণ সাপেক্ষে ২য় ও ৩য় শ্রেণির কর্মকর্তা ও কর্মচারীদের পদোন্নতি/উচ্চতর টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনা পূর্বক সুপারিশ প্রদান;


**মূল্য ঃ** টাকা ৪.০০

(২) বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের রাজস্ব বাজেটভুক্ত ৩য় শ্রেণির সকল শূন্য পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৪ এর সংশ্লিষ্ট বিধি অনুসারে প্রার্থী/ পদোন্নতির যোগ্য ফিডার পদধারী কর্মচারী বাছাই এবং সুপারিশ প্রদান;

(৩) ৩য় শ্রেণির কর্মচারীদের সিলেকশন গ্রেড/টাইম স্কেল প্রদানের ক্ষেত্রে বিভিন্ন সময়ে সরকার হতে জারীকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/অফিস স্মারকের আলোকে সুপারিশ প্রদান;

(৪) ৪র্থ শ্রেণির শূন্য পদে সরাসরি নিয়োগ, সিলেকশন গ্রেড, টাইমস্কেল এবং সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত সুবিধাদি প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান।

**কমিটির দায়িত্ব ও কাজ সম্পাদনের ক্ষেত্রে মানব সম্পদ শাখা-২ ও ৩ স্ব স্ব ক্ষেত্রে কমিটিকে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করবে।**

২। জাতীয় সংসদ সচিবালয়ের বিভাগীয় বাছাই কমিটি গঠন সংক্রান্ত গত ২৪ আশ্বিন ১৪১৯/ ০৯ অক্টোবর ২০১২ তারিখের ১১.০০.০০০০.৮০৩.০৬.০০৫.১১-৫৬০ নং প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্পীকারের আদেশক্রমে

**সেকেন্দার হায়াত রিজভী**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd